

Video Conference of senior health professionals of SAARC countries on the fight against Covid-19

March 27, 2020

কোভিড-19-এর বিরুদ্ধে লড়াই করার জন্য সার্কভুক্ত দেশগুলির বরিষ্ঠ স্বাস্থ্য পেশাদার ব্যক্তিবৃন্দের ভিডিও সম্মেলন

মার্চ 27, 2020

প্রধানমন্ত্রী 15ই মার্চ 2020 তারিখের সার্ক নেতৃবৃন্দের ভিডিও সম্মেলনে ঘোষণা করেছিলেন যে, বাস্তবিক স্তরে কোভিড-19 এর সাথে মিলিত লড়াইয়ে, সহযোগিতাকে সামনে এগিয়ে নিয়ে যাবার জন্য সার্ক গোষ্ঠীভুক্ত সকল সদস্য দেশগুলির স্বাস্থ্য পেশাদাররা একটি ভিডিও সম্মেলনের আয়োজন করতে পারেন।

সেই ঘোষণাকে বাস্তবায়িত করার জন্য, 26শে মার্চ 2020 তারিখে সকল সার্ক গোষ্ঠীভুক্ত দেশগুলির ডিরেক্টর জেনারেল অব হেলথ সার্ভিসেস (ডিজিএইচএস) স্তরের স্বাস্থ্য প্রতিনিধিরা একটি ভিডিও সম্মেলনের আয়োজন করেছিলেন। এই সম্মেলনের সভাপতিত্ব করেছিলেন ভারতের ডিজিএইচএস, সকলের তরফ থেকে সক্রিয় এবং উদেশ্যমূলক অংশগ্রহণের মাধ্যমে কোভিড 19 সংক্রান্ত বিস্তারিত বিষয় নিয়ে আলোচনা হয়েছিল।

ভারতের তরফ থেকে, রোগের উপরে নজরদারী, সংস্পর্শে আসা ব্যক্তিদের খুঁজে বের করা, ভ্রমণের সীমাবদ্ধতা এবং মানুষজনকে ফিরিয়ে আনা, ঝুঁকির মূল্যায়ন, রোগ নির্ণয়, আইসোলেশন এবং কোয়ারেন্টাইন সুবিধা প্রদান, রোগীর চিকিৎসা পরিচালনা, চিকিৎসার মনোনয়ন এবং স্বাস্থ্য পরিচর্যা কারীদের প্রোটোকল ও নিরাপত্তা প্রদান সহ সকল বিষয়ে ভারতের প্রতিক্রিয়ার একটি ব্যাপক উপস্থাপনা প্রস্তুত করা হয়েছে। একই রকম ভাবে, সার্ক গোষ্ঠীভুক্ত অন্যান্য সকল দেশগুলি তাদের প্রাসঙ্গিক বন্দোবস্ত অনুযায়ী কোভিড 19-এর চ্যালেঞ্জের মোকাবিলাতে তাদের অভিজ্ঞতাকে বিনিময় করেছে। সকল দেশগুলি তাদের অসুরক্ষিত দিকগুলি, ক্ষমতা, সর্বোত্তম অনুশীলন, সংস্থান এবং বাহিনী পরিচালনার ফাঁক ফোকর, বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণ, সেই সাথে প্রস্তুতির স্তরের উপরে নির্দিষ্ট করে রেখাপাত করেছেন। সার্ক অঞ্চলের দেশগুলির কোভিড 19 বিরোধী পরিকল্পনায় সরকার দ্বারা গৃহীত বৃহদাকারে জরুরি পদক্ষেপ গ্রহণকে বৃদ্ধি করার জন্য গুরুত্বপূর্ণ মৌলিক উপাদান হিসেবে গোষ্ঠীর অঙ্গীকার এবং অংশগ্রহণকে চিহ্নিত করা হয়েছে।

কোরোনা ভাইরাসের সাথে যৌথ মোকাবিলা করার জন্য তথ্য, জ্ঞান, দক্ষতা এবং সর্বোত্তম অনুশীলনগুলির বন্টন এবং পারস্পরিক বিনিময়ের জন্য সকল সার্ক ভুক্ত দেশগুলির জন্য একটি বন্ডিত বৈদ্যুতিন মঞ্চ গড়ে তোলার প্রস্তাব ভারত দিয়েছে। এটি জানানো হয়েছিল যে, ইতিমধ্যেই

প্লার্টফর্ম গঠনের কাজ শুরু হয়ে গিয়েছে, যেটি অনুরূপ সফটওয়্যার এবং মহামারি রোগের নতুন নির্ণায়ক ও আরোগ্যকর হস্তক্ষেপের জন্য যৌথ গবেষণা সহ, আপৎকালীন প্রতিক্রিয়া করার ব্যক্তিবর্গকে অনলাইন ট্রেনিং দেওয়া, জ্ঞানের অংশীদারিত্ব, রোগের নজরদারির জন্য দক্ষতার বিনিময় করার মত কাজকর্মের আয়োজন ও পরবর্তী আলোচনার জন্য একটি সর্বার্থসাধক যান হিসেবে পরিষেবাও দিতে পারবে।

বৈদ্যুতিন মঞ্চ সম্পূর্ণ রূপে কাজ শুরু করা পর্যন্ত প্রকৃত সময়ের নিরিখে সার্ক দেশগুলির মধ্যে সকল প্রাসঙ্গিক তথ্য চালাচালি করার সক্ষমতা অর্জনের জন্য সকল সার্ক দেশগুলির স্বাস্থ্য পরিষেবার পেশাদার প্রতিনিধিদের একটি আন্তর্জাল ইমেল/হোয়াটসঅ্যাপের মাধ্যমে গড়ে তোলা যেতে পারে বলে ভারতের তরফ থেকে প্রস্তাব রাখা হয়েছে।

সকল সার্ক সদস্যভুক্ত দেশের উৎসাহব্যঞ্জক এবং গঠনমূলক অংশগ্রহণের দ্বারা এই অঞ্চলে কোরোনা ভাইরাস মহামারি দ্বারা সৃষ্ট চ্যালেঞ্জকে পরাজিত করার জন্য একসাথে কাজ করার প্রতিজ্ঞাবদ্ধতা ভাগ করে নেওয়া প্রদর্শিত হয়েছে।

নিউ দিল্লি

মার্চ 27,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.